

রেজিস্টার্ড নং ডি এ-১



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ চৈত্র ১৪১৩/১২ এপ্রিল ২০০৭

এস. আর. ও নং ৫৩-আইন/২০০৭/শ্রকম/শা-৬/বিবিধ-১/২০০৭।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১১৪(৮) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিশেষ অবস্থা বিচেনায়, জনব্রাহ্মে, সময় বাংলাদেশে সকল দোকানপাট/মার্কেট এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য সঙ্গাহে ৭ (সাত) দিন খোলা রাখার অনুমতি প্রদান করিল।

২। উক্তরূপ দোকানপাট/মার্কেট খোলা রাখাকালীন সময়ে সংশ্লিষ্ট দোকানে কর্মরত শ্রমিকগণ উক্ত আইনের ধারা ১০০ এর বিধান অনুযায়ী দৈনিক কর্মঘন্টা, ধারা ১০১ এর বিধান অনুযায়ী বিশ্রাম বা আহারের জন্য বিরতি, ধারা ১০২ এর বিধান অনুযায়ী সাংগৃহিক কর্মঘন্টা, ধারা ১০৩ (ক) এর বিধান অনুযায়ী সাংগৃহিক ছুটি, ধারা ১০৪ এর বিধান অনুযায়ী ক্ষতিগ্রসণমূলক সাংগৃহিক ছুটি, ধারা ১০৫ এর বিধান অনুযায়ী কর্ম সময়ের সম্প্রসরণ, ধারা ১০৮ এর বিধান অনুযায়ী অধিকাল কর্মের জন্য অতিরিক্ত ভাতা, ধারা ১০৯ এর বিধান অনুযায়ী সীমিত কর্মঘন্টা এবং অন্যান্য বিধান অনুযায়ী সূযোগ-সুবিধা পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশাস্ত কুমার সাহা
উপ-সচিব।

এ. কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫০৫৭)

মূল্য : টাকা ২.০০